

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৫২

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ দান গ্রহণকারী হাতের চেয়ে দান প্রদানকারী হাত উত্তম

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْيَدَ الْمُعْطِيَةَ أَفْضَلُ مِنَ اليد السائلة

## আরবী

2352 \_ أَخْبَرَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى بْنِ عَبْدِ الرَّحْمَنِ السَّاجِيُّ بِالْبَصْرَةِ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ غِيَاتٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَاصِمِ بْنِ بَهْدَلَةَ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولِ الله صلى الله عليه وسلم قال: (خير الصدقة ماكان عَنْ ظَهْرِ غِنًى وَالْيَدُ الْعُلْيَا خَيْرٌ مِنَ الْيَدِ السُّفْلَى وَلْيَبْدَأُ أَحَدُكُمْ بِمَنْ يَعُولُ)

تَقُولُ امْرَأَتُهُ: أَنْفِقْ عَلَيَّ وَتَقُولُ أُمُّ وَلَدِهِ: إِلَى مَنْ تَكِلُنِي وَيَقُولُ لَهُ عَبْدُهُ: أَطْعِمْنِي وَاسْتَعْمِلْنِي

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3352 | خلاصة حكم المحدث: صحيح , لكن قوله: ((تقول امرأته ..... )) مدرجة من قول أبى هريرة ـ ((الإرواء)) (834): خ.

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الْيَدُ الْعُلْيَا خَيْرٌ مِنَ الْيَدِ السُّفْلَى) عِنْدِي أَنَّ الْيَدَ المتصدقة أَفْضَلُ مِنَ الْيَدِ السَّائِلَةِ لَا الْآخِذَةِ دُونَ السُّوَّالِ إِذْ مُحَالٌ أَنْ تَكُونَ الْيَدُ الْيَدِ السَّائِلَةِ لَا الْآخِذَةِ دُونَ السُّوَّالِ إِذْ مُحَالٌ أَنْ تَكُونَ الْيَدُ النَّتِي أَبِيحَ لَهَا اسْتِعْمَالُ فِعْلِ بِاسْتِعْمَالِهِ أَحْسَنَ مِنْ آخَرَ فُرِضَ عَلَيْهِ إِتْيَانُ شَيْءٍ فَأَتَى بِهِ النَّتِي أَبِيحَ لَهَ السَّعْمَالُ فِعْلِ بِاسْتِعْمَالِهِ أَحْسَنَ مِنْ آخَرَ فُرضَ عَلَيْهِ إِتْيَانُ شَيْءٍ فَأَتَى بِهِ أَقُ تَحْصِيلًا فِي الْمُعْطِي فِي إِتْيَانِهِ ذَلِكَ أَقلَّ تَحْصِيلًا فِي أَوْ رَعَ مِنَ الْأَسْبَابِ مِنَ الَّذِي أَتَى بِمَا أَبِيحَ لَهُ وَرُبَّمَا كَانَ الْمُعْطِي فِي إِتْيَانِهِ ذَلِكَ أَقلَّ تَحْصِيلًا فِي الْأَسْبَابِ مِنَ الَّذِي أَتَى بِمَا أَبِيحَ لَهُ وَرُبَّمَا كَانَ هَذَا الْآخِذُ بِمَا أَبِيحَ لَهُ أَفْضَلَ وَأَوْرَعَ مِنَ الْأَدِي يُعْطِي فَلَمَّا اسْتَحَالَ هَذَا عَلَى الْإِطْلَاقِ دُونَ التَّحْصِيلِ بِالتَّفْضِيلِ صِبَ أَنَ مَعْنَاهُ أَنَّ مَعْنَاهُ أَنَّ الْمُتَصِدِقَ أَفْضَلُ مِنَ الَّذِي يَسْأَلُهَا.



৩৩৫২. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "উত্তম সাদাকাহ সেটাই যা, স্বাবলম্বী অবস্থায় প্রদান করা হয়। নিচু হাত অপেক্ষা উঁচু হাত উত্তম। আর তোমরা পরিবারভুক্ত লোকের মাধ্যমে দান শুরু করবে।

তার স্ত্রী বলে, "আমাকে খরচা দিন।" তার সন্তানের মা (দাসী) বলে, "আপনি আমাকে কার কাছে ন্যস্ত করছেন?" তার গোলাম তাকে বলে, "আমাকে খেতে দিন এবং আমাকে কাজ দিন।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "নিচু হাত অপেক্ষা উঁচু হাত উত্তম" আমার নিকট এর দ্বারা উদ্দেশ্য হলো সাদাকাহকারী হাত দান প্রার্থী হাত অপেক্ষা উত্তম; সেই হাত অপেক্ষা নয়, যে হাত সাহায্য প্রার্থনা করে না। কেননা এটা অসম্ভব যে, কোন ব্যক্তির জন্য যে কাজ করা বৈধ করা হয়েছে, সেটা করার কারণে সে অন্যের চেয়ে অনুত্তম বিবেচিত হবে, ঐ ব্যক্তির চেয়ে যে ব্যক্তি আল্লাহ নির্দেশিত ফর্য সাদাকাহ প্রদান করে অথবা নফল সাদাকাহ প্রদান করে আল্লাহর নৈকট্য পেতে চায়। আবার কোন কোন সময় দান প্রদান কারীর চেয়ে দান গ্রহণকারী ব্যক্তি বেশি সাওয়াবের কাজ আঞ্জাম দেয়। কোন কোন সময় দান প্রদান কারীর চেয়ে দান গ্রহণকারী ব্যক্তি বেশি পরহেযগার ও উত্তম ব্যক্তি হয়ে থাকেন। সুতরাং যখন সাধারণভাবে এটা বলা অসম্ভব যে, দান গ্রহণকারী অপেক্ষা দান প্রদানকারী উত্তম, সুতরাং এখান থেকে এই অর্থ সঠিক হলো যে, দান চেয়ে নেওয়া ব্যক্তির চেয়ে দান প্রদানকারী ব্যক্তি উত্তম (কিন্তু যে চেয়ে নেয় না, তার চেয়ে সবসময় দানকারীর উত্তমতা সাব্যস্ত হয় না)।"

## ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৭/৪৭০; মুসনাদ আহমাদ: ২/৪৭৬; সহীহুল বুখারী: ৫৩৫৫; সুনান বাইহাকী: ৭/৪৬৬; নাসাঈ: ৫/৬৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২১২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৮৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন